

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইঙ্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স: ০২-৮১০৩০০৮৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: office@ntrca.gov.bd


স্মারক নং: বেশিনিক/প.মু.প/মতামত/৮২১/২০১৮/১৯৮

তারিখ: ০২ এপ্রিল, ২০১৯ খ্রি.

বিষয়: নিবন্ধন সনদের যথার্থতা বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র: জনাব কামরুজ্জামান, সংযুক্ত কর্মকর্তা (এমপিও শাখা) ও তদন্ত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর ১৯/০২/২০১৮ ইং তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তিনি ২০১০ সালের ৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ হওয়ায় এনটিআরসিএ অফিস হতে যে প্রত্যয়নপত্রটি প্রাপ্ত হয়েছেন তার সিরিয়াল নম্বর ১০০১৮৭৮৯, রোল-৪২৭০৮০৮২, রেজি. নং-১০০০০৩০৫১৩, পদের নাম-প্রভাষক (কম্পিউটার অপারেশন), বিষয়-কম্পিউটার অপারেশন। উক্ত সনদটি সঠিক আছে। প্রভাষক (কম্পিউটার অপারেশন) পদের জন্য শিক্ষাগত যোগ্যতা “স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সাইন্স এ বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমান, অথবা, কম্পিউটার টেকনোলজিতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এ ১ম বিভাগ। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)” কিন্তু তার শিক্ষাগত যোগ্যতার সনদপত্র যাচাই করে দেখা যায় যে, তিনি পদার্থ বিদ্যায় ম্লাতকোত্তর ডিগ্রী অর্জন করে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে ০৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণ কোর্স করেন। যা প্রভাষক (কম্পিউটার অপারেশন) পদের যাচিত যোগ্যতা নয়। প্রভাষক (কম্পিউটার অপারেশন) পদের জন্য প্রয়োজনীয় যোগ্যতা না থাকা সত্ত্বেও ভুল তথ্য প্রদান করে আপনি প্রভাষক (কম্পিউটার অপারেশন) পদে সনদ অর্জন করেন। এমতাবস্থায়, ভুল তথ্য প্রদানের দায়ে কেন আপনার বিরুদ্ধে বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত) এর ১২(২) উপবিধি অনুযায়ী আপনার নিবন্ধন সনদটি বাতিল করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার ব্যাখ্যা পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে এ অফিসকে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০২.০৪.২০১৯

(মোঃ মোস্তাক আহমেদ)

সহকারী পরিচালক (পমপ-১)

এনটিআরসিএ, ঢাকা

ফোন: ০২-৮১০৩০১৩২

প্রাপক:

জনাব মোহাম্মদ মনোয়ার হোসাইন
পিতা- মোঃ দেলোয়ার হোসাইন
মাতা- জমিলা হোসাইন
গ্রাম- মল্লিকপুর, ডাকঘর-নয়াবাড়ী,
উপজেলা- শিবালয়, জেলা- মানিকগঞ্জ।

অনুলিপি:

- সদস্য (প.মু.প.), এনটিআরসিএ, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- জনাব কামরুজ্জামান, সংযুক্ত কর্মকর্তা (এমপিও শাখা) ও তদন্ত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- অফিস কপি।